ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৪২

শান্তিরবাজার, ১৫ অক্টোবর, ২০২৫

**রাজ্যভিত্তিক মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসব ৫ নভেম্বর**

রাজ্যভিত্তিক মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসব আগামী ৫ নভেম্বর পতিছড়া মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। উৎসবকে সফল করার জন্য আজ পতিছড়ি কমিউনিটি হলে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। এমডিসি ডেভিড মুড়াসিং, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক সঞ্জীব চাকমা, মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সম্পাদক ভাগ্যচরণ মুড়াসিং প্রমুখ প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন। বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণও সভায় উপস্থিত ছিলেন। তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে উৎসবে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। মুড়াসিং সহ রাজ্যের অন্যান্য জনজাতি গোষ্ঠীর শিল্পীরাও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন। রাজ্য সরকারর ১২টি সরকারি দপ্তর উৎসবে প্রদর্শনী মন্ডপ খুলবে। মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক সংগঠনের সভাপতি সুনীল মুড়াসিং প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন।

*****